# Times Today BD

মুহাম্মদ দিদারুল আলম | দেশজুড়ে | 17 May, 2025

চট্টগ্রাম নগরীর পাহাড়তলী থানা এলাকার একটি পরিত্যক্ত বাড়ি থেকে থেকে অজ্ঞাত ব্যক্তির মরদেহ উদ্ধার করেছে পুলিশ।মরদেহের পাশে একটি মদের বোতল আর একটি ফোন পাওয়া গেছে।পুলিশ বলছে, মদ্যপান করে ওই ব্যক্তির মৃত্যু হয়েছে বলে তাদের প্রাথমিক ধারণা।

শনিবার (১৭ মে) বেলা ১১টায় থানার সরাইপাড়া এলাকার লোহারপুল এলাকা থেকে মরদেহটি উদ্ধার করা হয়।

পাহাড়তলী থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা (ওসি) বাবুল আজাদ বলেন, মরদেহটি ৩ থেকে ৪ দিন আগের বলে মনে হচ্ছে।শরীরে আঘাতের চিহ্ন নেই।প্রাথমিকভাবে মনে হচ্ছে অতিরিক্ত মদ্যপান করার কারণে মারা গেছেন।ময়নাতদন্তের প্রতিবেদন পেলে মৃত্যুর প্রকৃত কারণ জানা যাবে। নিহতের পরিচয় শনাক্তের চেষ্টা চলছে।

চট্টগ্রাম মরদেহ পুলিশ

© 2025 TimesToday. All Rights Reserved.

Generated on 29 June, 2025 04:53

URL: https://www.timestodaybd.com/across-the-country/7758072580